# ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন’ সংক্রান্ত সাধারণ নির্দেশিকা

১. বহুবিকল্পভিত্তিক প্রশ্নের সম্ভারটি এমনভাবে তৈরি করা হয়েছে যাতে এই জাতীয় বিভিন্ন নতুন ধরনের প্রশ্নের সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হয়।

২. শিক্ষার্থীরা বিভিন্ন পরীক্ষায় যে যে ধরনের বহুবিকল্পভিত্তিক প্রশ্নের সম্মুখীন হতে পারে, এই অনুশীলনের মাধ্যমে সেগুলির সঙ্গে তারা অভ্যস্ত হয়ে ওঠার সুযোগ পাবে।

৩. বিদ্যালয় খুললে ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন: পরিচিতি ও অনুশীলন’ - এর উত্তরগুলি অভিভাবক-অভিভাবিকাদের মাধ্যমে শিক্ষিকা-শিক্ষকদের কাছে জমা দিতে হবে।

৪. প্রয়োজনে বিদ্যালয়ের শিক্ষিকা-শিক্ষকদের সহায়তা নেওয়া যেতে পারে।

৫. ঘরে বসে খাতায় ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন: পরিচিতি ও অনুশীলন’ - এর উত্তর তৈরি করতে হবে।

**ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় ‘বহুবিকল্পভিত্তিক প্রশ্ন: পরিচিতি ও অনুশীলন’ - এর উত্তর করে অভিভাবক-অভিভাবিকাদের মাধ্যমে শিক্ষিকা-শিক্ষকদের কাছে জমা দেবে। কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।**

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## বাংলা

## অষ্টম শ্রেণি

**ভাগ ১ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

কুসুমকুমারী জীবনানন্দের মধ্যে জাগিয়ে তুলেছিলেন কাব্যবোধ, দিয়েছিলেন কবিতা রচনায় প্রেরণা। জীবনানন্দের কাছে মা কুসুমকুমারী ছিলেন *'সেই পল্লবঘন স্নিগ্ধ ছায়াচ্ছন্ন তরুশাখা যাতে লগ্ন হয়ে, একটি কোমল কাতর লতিকা বেড়ে ওঠে, ফুলসম্ভারে বিকশিত হয়।' জীবনানন্দের ছোটো বোন সুচরিতা লিখেছেন, 'তাঁর (জীবনানন্দের) পাখির পালকের চাইতেও নরম অনুভবের মেদুরতা, বলা যায় মা'র কাছ থেকেই প্রাপ্ত। বাবা যদি দিয়ে থাকেন তাঁকে সৌরতেজ, প্রাণবহ্নি, তবে মা তাঁর জন্যে সঞ্চয় করে রেখেছেন, স্নেহ-মমতার বনচ্ছায়া, মৃত্তিকাময়ী সান্ত্বনা।'*

জীবনানন্দের কাব্যপ্রীতি ও কাব্য রচনার আড়ালে রয়েছে মা কুসুমকুমারীর অপরিসীম অনুপ্রেরণা-উৎসাহ। তাই প্রথম দিকে কবিতা লিখেই তিনি মাকে দেখাতেন, মায়ের মতামত নিতেন। চিত্তরঞ্জন দাশ প্রয়াত হওয়ার পর দেশবন্ধুকে নিয়ে যে কবিতাটি জীবনানন্দ লিখেছিলেন, তা ছাপা হওয়ার পর মায়ের কাছে এক কপি পত্রিকাও পাঠিয়ে দিয়েছিলেন। মা কুসুমকুমারী ফেরত ডাকে পুত্রের উদ্দেশে পাঠিয়েছিলেন সুপরামর্শ, 'চিত্তরঞ্জন সম্বন্ধে লিখেছ, ভালোই করেছ, কিন্তু রামমোহনের ওপর লিখতে বলছি তোমাকে, মহর্ষির ওপরেও।' কুসুমকুমারী দেবী মূলত প্রবাসী, ব্রহ্মবাদী ও মুকুল পত্রিকায় লিখতেন। তাঁর কবিতার বিষয়-ভাবনার যথেষ্ট বৈচিত্র্য ছিল। পরাধীন ভারতবাসীকে স্বাদেশিকতার মন্ত্রে কবিতার মধ্য দিয়ে উদ্বুদ্ধ করেছিলেন তিনি। মনীষীজনের উদ্দেশে কবিতায় শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন। এমনকি অনেক সমসাময়িক ঘটনাও তাঁর কবিতার বিষয়বস্তু হয়ে উঠেছে। পরবর্তীকালে দেশভাগের কুফল, আর্তমানুষের দুর্দশার কথাও কবিতায় এসেছে। আশাবাদে উজ্জ্বল কুসুমকুমারীর অধিকাংশ কবিতা।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

1. মহর্ষি নামে খ্যাত

   A) রামমোহন রায়

   B) চিত্তরঞ্জন দাশ

   C) দেবেন্দ্রনাথ ঠাকুর

   D) জীবনানন্দ দাশ

2. চিত্তরঞ্জন দাশকে নিয়ে লেখা কবিতাটি জীবনানন্দ তার মাকে পাঠিয়েছিলেন, কারণ

   A) তাঁর মা কবিতাটি পড়তে চেয়েছিলেন

   B) চিত্তরঞ্জন দাশ ছিলেন তাঁদের আত্মীয়

   C) মায়ের আদেশেই তিনি কবিতাটি লিখেছিলেন

   D) তিনি তাঁর মায়ের মতামত নিতে চেয়েছিলেন

3. 'তাঁর কবিতার বিষয়-ভাবনায় যথেষ্ট বৈচিত্র্য ছিল।' উদ্ধৃতাংশে যাঁর কথা বলা হয়েছে, তিনি হলেন

   A) সুচরিতা দেবী

   B) কুসুমকুমারী দেবী

   C) বাসন্তী দেবী

   D) সারদা দেবী

4. কাব্যবোধ। — অনুরূপ সমাসবদ্ধ পদের উদাহরণ হলো

A) সুপরামর্শ

B) বনচ্ছায়া

C) স্নেহ-মমতা

D) শ্রদ্ধাঞ্জলি

5. দেশবন্ধু — দেশের বন্ধু — এটি যে সমাসের উদাহরণ

A) দ্বন্দ্ব সমাস

B) অব্যয়ীভাব সমাস

C) কর্মধারয় সমাস

D) তৎপুরুষ সমাস

**ভাগ ২ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

দুঃখের বিষয়, ঘরবাড়ি আর কলকারখানার বাড়বৃদ্ধি সত্ত্বেও সেসব বাগানের যাওবা দু একটা টিকে ছিল, তাও আজ সব সাফ হয়ে যাচ্ছে। শহরের শ্রীবৃদ্ধি আর সম্প্রসারণের দরুন জমির দাম লাফিয়ে লাফিয়ে বেড়ে যতই আকাশছোঁয়া হচ্ছে, ততই পটাপট গাছ হাওয়া হয়ে যাচ্ছে। যে আমগাছ ছিল লোকের চোখের মণি, আজ হয় তা নেই, নয় জীর্ণশীর্ণ হয়ে পড়ে আছে তাদের দেখবার কেউ নেই। তাদের আষ্টেপৃষ্ঠে বেঁধে ফেলেছে ‘বান্ধা’ (লোরান্থাস) পরগাছা। কবে লুটেরাদের কুড়ুলের কোপ পড়বে, তারা আছে তার অপেক্ষায়। পশুপাখির যেসব ডাক স্কুলছুটির দিনগুলোর কথা আমাদের মনে পড়িয়ে দেয়, ‘সভ্যতা’র নিষ্ঠুর রাহুগ্রাসে প’ড়ে তার অধিকাংশই আজ একের পর এক স্তব্ধ হয়ে গেছে। সন্ধেবেলায় শুরু হয়ে রাতভর শোনা যেত যে শেয়ালের ডাক, যা আমার চেম্বুরের স্মৃতির সঙ্গে অবিচ্ছেদ্যভাবে জড়িয়ে আছে, সেই বহুপরিচিত ডাক বহু বছর আগেই লোপ পেয়ে গেছে। অদৃশ্য হয়ে গেছে সেই হায়েনারা, সেকালেও যাদের দেখা পাওয়া যেত কালেভদ্রে। আজ আর তাদের চিহ্নমাত্র নেই। ভোরবেলায় আধো ঘুমে আধো জাগরণে নরম বিছানায় যখন আমরা আড়ামোড়া ভাঙতাম, তখন কানে মধু ঢেলে দিত দোয়েলের উদাত্ত কণ্ঠস্বর। এটা আমার পক্ষিবিদ্যার ভাঁড়ারে সর্বপ্রথম আর সর্বোত্তম স্মৃতির একটি। যখন যেখানে থাকি, দোয়েলের গান শুনলেই অমনি আমার চেম্বুরের সেই নিরুদ্বেগ স্কুলছুটির দিনগুলো মনে পড়ে যায়।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

6. লেখকের মনঃকষ্টের কারণ

A) জমির ক্রমবর্ধমান দাম

B) ক্রমহ্রাসমান গাছপালা ও বাগান

C) বিদ্যালয় জীবনের স্মৃতিকাতরতা

D) নাগরিক সভ্যতার ক্রমবিকাশ

7. সন্ধ্যা > সন্ধে

ধ্বনি পরিবর্তনের যে রীতিটি এখানে লক্ষ্যণীয়

A) সমীভবন

B) স্বরসংগতি

C) অপিনিহিতি

D) ব্যঞ্জনসঙ্গতি

8. ‘এটা আমার পক্ষিবিদ্যার ভাঁড়ারে সর্বপ্রথম আর সর্বোত্তম স্মৃতির একটি।’

স্মৃতিটি হলো

A) কালেভদ্রে দেখা পাওয়া হায়েনা

B) ভোরবেলা দোয়েলের ডাক

C) সন্ধ্যাবেলা শুরু হয়ে রাতভর শোনা শেয়ালের ডাক

D) নিরুদ্বেগ স্কুলছুটির দিনগুলো

9. রচনাটিতে যে স্থানটির প্রসঙ্গ রয়েছে

A) চেন্নাই

B) চাকদহ

C) চেম্বুর

D) চেতলা

10. ‘চোখের মণি’ কথাটির বিশেষ অর্থ হলো

A) চক্ষুশূল

B) দামি

C) মোহ

D) প্রিয়

**ভাগ ৩ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

**দশাবতার তাস**

বাঁকুড়া জেলার বিষ্ণুপুরের ফৌজদার রাজ উপাধি প্রাপ্ত সূত্রধর শিল্পীরা পটচিত্র, চালচিত্র ও রথচিত্র অঙ্কন ছাড়াও তৈরি করতেন দশাবতার তাস। দশাবতার তাসের একশো কুড়িটার নমুনা যদি এক জায়গায় সাজিয়ে রাখা হয়, তাহলে তা রঙে ও রূপে এবং তার অঙ্কন সৌন্দর্যে একান্তই বিমোহিত হতে হয়।

বিষ্ণুপুরের দশাবতার তাসের আকৃতি গোলাকার। ব্যাস চার থেকে সাড়ে চার ইঞ্চির মতো। বাংলায় বিষ্ণুপুর ছাড়া অন্য কোথাও দশাবতার তাস তৈরি হয় না। মীন, কূর্ম, বরাহ, নৃসিংহ, বামন, দশরথ, রাম, পরশুরাম, বলরাম, বুদ্ধ স্থানে জগন্নাথ ও কল্কি এই দশ অবতারের রূপ ও তাদের প্রতীকই হল এ তাসের শ্রেণি বা রঙের বিন্যাস। প্রত্যেক শ্রেণিতে বারোটি তাস ধরে মোট তাসের সংখ্যা দাঁড়ায় একশো কুড়ি। এ তাসের দশটি রং ও একশো কুড়িটি তাসের সমবায়ে বিবিধ নিয়মকানুন অনুযায়ী তাসের খেলাটি বেশ জটিল। এ তাস তৈরির পদ্ধতিটি সরল। পুরোনো কাপড় তেঁতুল বিচির আঠা দিয়ে কয়েক ভাঁজ পুরু করে জুড়ে নেওয়া হয়। এবার তা শুকিয়ে গেলে তার দু-পিঠে খড়িমাটির প্রলেপ দিয়ে জমি প্রস্তুত করা হয়। তারপর মসৃণ পাথর দিয়ে ঘসে দু-পিঠ সমতল করা হয়। এবার জমিন তৈরি হয়ে গেলে নির্ধারিত মাপের গোল চাকতি করে কেটে নেওয়া হয় এবং রং-তুলি দিয়ে তার ওপর অবতারদের ছবি ও প্রতীকগুলি নানান রং দিয়ে আঁকা হয়। আঁকা শেষ হলে উল্টো পিঠে গালা ও মেটে সিঁদুরের প্রলেপ লাগানো হয়। তাসের ওপরে রং ও রূপরেখার এই সম্মিলিত প্রয়োগে প্রথাগত তাসগুলি বাংলার লোকচিত্রের এক আশ্চর্য নমুনা।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

11. বাংলায় দশাবতার তাস তৈরি হয় একমাত্র

A) বেনাচিতিতে

B) বোলপুরে

C) বেলুড়ে

D) বিষ্ণুপুরে

12. দশাবতার তাসে মোট তাসের সংখ্যা

A) ১০টি

B) ১২টি

C) ১৩টি

D) ১২০টি

13. দশাবতার তাস তৈরির মূল উপাদানটি হলো

A) সিঁদুর

B) গালা

C) পাথর

D) কাপড়

14. বিষ্ণুর দশ অবতারে যাঁর নাম নেই

A) বরাহ

B) পরশুরাম

C) দশরথ

D) কল্কি

15. 'নৃসিংহ' শব্দের ব্যাসবাক্যটি হবে

A) মানুষও নয় সিংহও নয়

B) নৃ অথচ সিংহ

C) সিংহ মানুষের ন্যায়

D) নরশ্রেষ্ঠ যিনি

**ভাগ ৪ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

**ঈশ্বরচন্দ্র গুপ্ত**

ঈশ্বরচন্দ্র গুপ্ত ১৮১২ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন।

তিনি বাঙালি কবিয়াল-রচনারীতির শেষ কবি এবং বিভিন্ন বিষয় অবলম্বনে খণ্ডকবিতা রচনার প্রবর্তক। উন্মুক্ত প্রাঙ্গণে জনসাধারণের মধ্যে কবিতাপাঠের প্রবর্তনও তিনি করেন। বাল্যে শিক্ষায় অমনোযোগী ছিলেন কিন্তু মুখে মুখে সঙ্গীত-রচনার ক্ষমতা ছিল এবং গ্রামের কবি ও ওস্তাদের দলে গান বেঁধে দিতেন। দশ বছর বয়সে মাতৃবিয়োগ ঘটলে কলিকাতায় মাতুলালয়ে এসে বাস করতে থাকেন। ব্যঙ্গাত্মক কবিতা-রচনায় বিখ্যাত হয়েছিলেন। সে যুগের কোন লোকই গুপ্ত কবির বিদ্রুপ থেকে রেহাই পান নি। সাধারণ মানুষের ভাষায় কাব্য রচনা করে তিনি কবিপ্রসিদ্ধি লাভ করেন। সাংবাদিকতায় অসাধারণ কৃতিত্ব প্রদর্শন করেন। ১৮৩১ খ্রিস্টাব্দের ২৮ জানুয়ারি যোগেন্দ্র ঠাকুরের সহযোগিতায় 'সংবাদ প্রভাকর' সাপ্তাহিক পত্রিকা প্রকাশ করেন। কালক্রমে বহু ঘটনার পর ১৮৩৯ খ্রিস্টাব্দের ১৪ জুন এই পত্রিকাই বাংলা দৈনিকরূপে প্রকাশিত হয়। এ ছাড়াও 'পাষণ্ডপীড়ন', 'সংবাদ রত্নাবলী', 'সংবাদসাধুরঞ্জন' এবং আরও তিনটি পত্রিকা প্রকাশ ও সম্পাদনা করেন। গৌরীশঙ্কর ভট্টাচার্যের 'রসরাজ' পত্রিকার সঙ্গে কবিতাযুদ্ধ চালাবার জন্যই তিনি 'পাষণ্ডপীড়ন' পত্রিকা প্রকাশ করেন। তাঁর অন্যতম সাহিত্যকীর্তি রামপ্রসাদ সেন, রামনিধি গুপ্ত, রামমোহন বসু, নিত্যানন্দ দাস বৈরাগী, হরঠাকুর, নৃসিংহ, লক্ষ্মীকান্ত বিশ্বাস প্রভৃতি বিভিন্ন সভা-কবির ও পাঁচালীকারের রচনা সংগ্রহ ও প্রকাশ। 'বোধেন্দুবিকাস' নাটকে ভাষা ও ছন্দে তাঁর দক্ষতার প্রমাণ সুস্পষ্ট। বাংলা সাহিত্যে তিনি যুগসন্ধির কবি বলে সুপরিচিত। তাঁর কাব্য স্বকীয়তার বৈশিষ্ট্যে উজ্জ্বল। ১৮২৯ খ্রিস্টাব্দ থেকে তাঁকে সামাজিক আন্দোলনে নব্যদের সাথী হতে দেখা যায়। তত্ত্ববোধিনী সভা ও হিন্দু থিয়ফিলানথ্রপিক সভার সঙ্গেও তাঁর সক্রিয় যোগাযোগ ছিল। বৈজ্ঞানিক ও বাণিজ্যিক উন্নতি-বিষয়ক আন্দোলনের সমর্থন করতেন ও নিপীড়িত জনসাধারণের প্রতি সহানুভূতিশীল ছিলেন।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

16. ঈশ্বরচন্দ্র গুপ্তের মাতৃবিয়োগ হয়

    A) ১৮১৫ খ্রিস্টাব্দে

    B) ১৮২২ খ্রিস্টাব্দে

    C) ১৮৩১ খ্রিস্টাব্দে

    D) ১৮৩৯ খ্রিস্টাব্দে

17. কবিপ্রসিদ্ধি শব্দের অর্থ

    A) প্রাচীন কবি

    B) কবির কল্পনা

    C) কবি হিসেবে খ্যাতি

    D) কবিত্বময়

18. যে বাংলা সাপ্তাহিক পত্রিকাটি পরে দৈনিক রূপে প্রকাশিত হয়, তার নাম

    A) রসরাজ

    B) সংবাদ প্রভাকর

    C) সংবাদ রত্নাবলী

    D) সংবাদ সাধুরঞ্জন

19. ‘পাষণ্ডপীড়ন’ পত্রিকা প্রকাশের উদ্দেশ্য ছিল

    A) বিভিন্ন বিষয় অবলম্বনে লিখিত খণ্ডকবিতা প্রকাশ করা

    B) ব্যঙ্গ কবিতার রচনা করা

    C) ‘রসরাজ’ পত্রিকার সঙ্গে কবিতাযুদ্ধে অবতীর্ণ হওয়া

    D) বৈজ্ঞানিক ও বাণিজ্যিক উন্নতি-বিষয়ক সংবাদ পরিবেশন করা

20. ‘অমনোযোগী’ শব্দের ব্যাসবাক্যটি হবে

    A) নয় মনোযোগী

    B) মনোযোগের অভাব

    C) অতিশয় মনোযোগী

    D) মনের যোগ নেই, এমন

**ভাগ ৫ - নীচে দেওয়া অংশটি পড়ো :**

‘বাংলার মাটি, বাংলার জল’ - এই কবিতাটি মন্ত্রের মতো। পুণ্য হউক, পুণ্য হউক অথবা সত্য হউক সত্য হউক, কিংবা এক হউক, এই কথাগুলির বারবার উচ্চারণের ফলে বিচ্ছেদে বিচ্ছেদে জর্জর আমাদের এই মধ্যবিত্ত জীবনে কোথাও একটা আশা জেগে ওঠে। খুব ভেতরকার একটা আশা। আমি, তুমি, ও, আমরা সবাই তো কোথাও একটা মিলতে চাই। নইলে কেন গান শুনি? কবিতা পড়ি কেন? কেন নাটক বা ছবি দেখতে যাই? এই গানটির মধ্যে এক হবার মন্ত্র এত সহজ বিশ্বাসে, এত জোরের সঙ্গে বলা আছে যাতে, যে মেলামেশা জীবনে কখনও সম্ভব হল না, বন্ধু-পরিজনের সঙ্গে যে বিচ্ছেদ পার হওয়া বাস্তবে কখনও হবে না— তারা যেন রবীন্দ্রনাথের লেখা এই স্তবের মধ্যে এসে সত্যি সত্যি সম্ভব হয়ে উঠল। মিলেমিশে থাকবার যে

বাসনা সংসারের সবার মধ্যেই ছিল, কিন্তু যে থাকাটা হল না, হয়নি, সেইটাই যেন গানের মধ্যে দিয়ে জেগে উঠল আর তখনই সমস্ত পৃথিবী বিরাট, স্বচ্ছ, আর ভালোবাসাময় বলে মনে হয়। এই হল সেই সৌন্দর্য, যার সামনে এলে চোখে জল আসে। গায়ে কাঁটা দেয়।

তা ছাড়া, এই কবিতা একই সঙ্গে সুরে সুরে উচ্চারিত হবার কবিতা। শান্তিনিকেতনের রাস্তায় যাঁরা হাঁটতে হাঁটতে এ গান গাইছিলেন সে-দিন, তাঁদের চোখও শুকনো ছিল কি? যে মিলনের দেশে যেতে চাই, কিন্তু পারি না, সেখানে হঠাৎ পৌঁছে যাবার আনন্দই এই অশ্রু। পণ্ডিত রবিশঙ্কর বলেছেন তাঁর আত্মকথায় তাঁর গুরু ওস্তাদ আলাউদ্দিন সম্পর্কে : 'তালিম দেবার সময় বাবা সরোদ ধরে কাঁদতেন, আমি সেতার ধরে কাঁদতাম।' অর্থাৎ গুরু-শিষ্যের মধ্যে সুর দিয়ে একটি স্বর্গ তৈরি হত। মিলন-স্বর্গ। আমাদের এই 'বাংলার মাটি, বাংলার জল' গানটির মধ্যে সেই স্বর্গ আছে।

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

21. 'বাংলার মাটি, বাংলার জল' গানটি লিখেছেন

    A) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

    B) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর

    C) রবীন্দ্রনাথ ঠাকুর

    D) সুরেন্দ্রনাথ ঠাকুর

22. পণ্ডিত রবিশঙ্কর

    A) প্রখ্যাত সরোদবাদক

    B) প্রখ্যাত সেতারবাদক

    C) প্রখ্যাত হারমোনিয়ামবাদক

    D) প্রখ্যাত তবলাবাদক

23. নীচের যে পদটি অব্যয় পদ নয়

    A) যেন

    B) কিন্তু

    C) যার

    D) সঙ্গে

24. 'অশ্রু' শব্দের বিশেষণের রূপ

    A) অশ্রুজল

    B) অশ্রুবারি

    C) সাশ্রু

    D) অশ্রুনীর

25. 'প্রশংসা' শব্দের যে সমার্থক শব্দটি পাঠে রয়েছে

    A) মন্ত্র

    B) স্তব

    C) ভালোবাসাময়

    D) পুণ্য

ভাগ ৬ - নীচে দেওয়া অংশটি পড়ো :

# কন্যাশ্রী

## নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দপ্তর

**এই প্রকল্পে যে আর্থিক সাহায্য দেওয়া হয়:**

কন্যাশ্রী - ১ (K1): সরকার স্বীকৃত নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে অষ্টম বা তদূর্ধ্ব শ্রেণিতে পাঠরতা এবং ১৩ থেকে ১৮ বছর বয়সসীমার মধ্যে থাকা অবিবাহিতা মেয়েদের বার্ষিক ১০০০ টাকা হারে আর্থিক সাহায্য দেওয়া হয়।

কন্যাশ্রী - ২ (K2): উপরোক্ত প্রতিষ্ঠানে পাঠরতা এবং আবেদন করার সময় ১৮ বছরের বেশি কিন্তু ১৯ বছরের কম বয়সের অবিবাহিতা মেয়েদের এককালীন ২৫,০০০ টাকা আর্থিক অনুদান দেওয়া হয়।

**যোগ্যতা:** যে কোনও মেয়ে, যে

১) অবিবাহিতা।
২) যার বয়স ১৩ থেকে ১৯ বছরের মধ্যে।
৩) পশ্চিমবঙ্গের বাসিন্দা।
৪) সরকার স্বীকৃত কোনও প্রতিষ্ঠানে পাঠরতা।
৫) নিজের নামে ব্যাঙ্ক অ্যাকাউন্ট আছে।

**যে সব নথি জমা দিতে হবে:**

১) বাবা-মা/আইনি অভিভাবকের ভোটার কার্ডের ফটোকপি।
২) জন্মের শংসাপত্রের ফটোকপি।
৩) আবেদনকারীর বৈবাহিক অবস্থার ঘোষণা।
৪) দরকারি তথ্য সহ ব্যাঙ্ক পাশবইয়ের ফটোকপি।
৫) সাদা ব্যাকগ্রাউন্ডে রঙিন পাসপোর্ট সাইজের ফটো।
৬) আবেদনকারী যদি ১৩ বছরের বেশি বয়সের হয় কিন্তু অষ্টম শ্রেণির নিচে পাঠরতা হয় এবং তার ৪০% বা তার বেশি প্রতিবন্ধকতা থাকে তাহলে উপযুক্ত কর্তৃপক্ষের থেকে গৃহীত প্রতিবন্ধকতার শংসাপত্রের ফটোকপি।

**যোগাযোগ:** সর্বক্ষেত্রেই নির্দিষ্ট ফর্ম নিজ শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল/কলেজ)-এ পাওয়া যায়।

পশ্চিমবঙ্গ সরকার

**নীচের দেওয়া প্রশ্নগুলির ঠিক উত্তরটিতে গোল দাগ দাও।**

26. কন্যাশ্রীর প্রকল্পে যা দেওয়া হয়

    A) পুরস্কার

    B) আর্থিক সহায়তা

    C) পোশাক, বইপত্র

    D) পড়াশোনার জন্য ঋণ

27. কন্যাশ্রীর প্রকল্পে প্রাপকের সর্বনিম্ন বয়স হতে হবে

    A) ১০ বৎসর

    B) ১২ বৎসর

    C) ১৩ বৎসর

    D) ১৫ বৎসর

28. কন্যাশ্রী পাওয়ার জন্য নীচের যে শর্তটি পূরণ করা আবশ্যক

    A) পরিবারের বার্ষিক আয় দেড় লক্ষ টাকার মধ্যে হতে হবে

    B) পরিবারের একমাত্র কন্যাসন্তান হতে হবে

    C) সরকার স্বীকৃত কোনো শিক্ষা প্রতিষ্ঠানে পড়তে হবে

    D) আগের ক্লাসে শেষ পরীক্ষায় ৬০ শতাংশ নম্বর পেতে হবে

29. কন্যাশ্রী প্রকল্পে আঠারো থেকে উনিশ বছর বয়সী পাঠরতা মেয়েদের এককালীন অনুদান দেওয়া হয়

    A) ২০০০০ টাকা

    B) ২৫০০০ টাকা

    C) ৩০০০০ টাকা

    D) ৩৫০০০ টাকা

30. কন্যাশ্রী প্রকল্পের আবেদনপত্র পাওয়া যায়

    A) স্থানীয় পুরসভা ও পঞ্চায়েত অফিসে

    B) স্থানীয় বিডিও অফিসে

    C) জেলা পরিষদের অফিসে

    D) নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## গণিত


## অষ্টম শ্রেণি

**ঠিক উত্তর নির্বাচন করো :**

1. $\frac{3}{2}\times\left(\frac{7}{8}+\frac{11}{12}\right)=$

   (a) $\frac{43}{16}$ (b) $\frac{107}{48}$

   (c) $\frac{77}{64}$ (d) $\frac{9}{4}$

2. 


   x এর মান কত?

   (a) 20 (b) 25

   (c) 40 (d) 100

3. পেয়াঁজের দাম 20% বৃদ্ধি পেয়েছে। রমেনবাবু ঠিক করেছেন যে, তার পরিবারের পেয়াঁজের মাসিক খরচ অপরিবর্তিত রাখবেন। তাই তিনি প্রতিমাসে পেয়াঁজের ব্যবহার শতকরা কত কমাবেন?

   (a) 20% (b) 25%


   (c) $16\frac{2}{3}\%$ (d) $83\frac{1}{3}\%$

4. তুমি লাল ফিতের $\frac{1}{4}$ অংশ নিয়েছো। তোমার ভাই তোমার থেকে তোমার ফিতের $\frac{2}{7}$ অংশ ফিতে নিয়ে নিল। তোমার আর কত অংশ ফিতে রইল?

   (a) $\frac{1}{8}$ (b) $\frac{1}{14}$

   (c) $\frac{7}{8}$ (d) $\frac{13}{14}$

5.




$\angle ACD = 114^\circ, \angle ABC = \frac{1}{2}\angle BAC$

$\angle ABC$ এর মান কত?

(a) $66^\circ$ (b) $114^\circ$

(c) $38^\circ$ (d) $76^\circ$

6. $\frac{3}{x+3} = \frac{5}{x+2}$ হলে x = ?

(a) $\frac{9}{2}$ (b) $-\frac{9}{2}$

(c) $-\frac{1}{2}$ (d) $\frac{1}{2}$

7. একটি সুষম বহুভুজের প্রতিটি অন্তঃকোণের পরিমাপ $135^\circ$, বহুভুজের বাহুসংখ্যা কত?

(a) 10 (b) 4


(c) 8 (d) 5

8. একটি গাড়ি 2 ঘন্টায় 36 কিমি যায়, গাড়িটির গতিবেগ কত?

(a) 5 মিটার প্রতি সেকেন্ডে (b) 36 মিটার প্রতি সেকেন্ডে

(c) 18 মিটার প্রতি সেকেন্ডে (d) 10 মিটার প্রতি সেকেন্ডে

9.




উপরের দেওয়া স্তম্ভচিত্রে কোন দুটি ফলের 1 কিলোগ্রামের দামের পার্থক্য 60 টাকা?

(a) পেয়ারা এবং আপেল (b) আম এবং আঙুর

(c) আপেল এবং আম (d) আপেল এবং আঙুর

10. দুই অংকের একটি সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টি 9। যদি সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক x হয়, তবে সংখ্যাটি কত?

(a) $9x + 9$ (b) $11x + 9$


(c) $90 - 9x$ (d) $9 - x$

11. 40 সেমি দৈর্ঘ্যের একটি তারকে বর্গাকার আকৃতি দেওয়া হল। বর্গাকার আকৃতির ক্ষেত্রের ক্ষেত্রফল কত?

(a) 1600 বর্গসেমি (b) 100 বর্গসেমি

(c) 16 বর্গসেমি (d) 160 বর্গসেমি

12.




লোকসংগীতের শ্রোতার বৃত্তকলাটি সম্পূর্ণ বৃত্তাকার ক্ষেত্রের কত অংশ?

(a) $\frac{1}{5}$ (b) $\frac{1}{2}$


(c) $\frac{1}{3}$ (d) $\frac{1}{6}$

13. একটি আয়তক্ষেত্র এবং একটি বর্গক্ষেত্রের পরিসীমা সমান। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ 12 সেমি ও 6 সেমি হলে বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য কত?

(a) 36 সেমি (b) 18 সেমি

(c) 9 সেমি (d) 6 সেমি

14.




$AB = AC$, $\angle ACE = 115^\circ$ হলে $\angle BAC =$ কত?

(a) $65^\circ$ (b) $115^\circ$

(c) $130^\circ$ (d) $50^\circ$

15. $100^{100}$ এর সমান হল :

(a) $2^{100} \times 50^{100}$ (b) $2^{100} + 50^{100}$

(c) $2^{2} \times 50^{50}$ (d) $2^{2} + 50^{50}$

16. 36 লিটার ডেটল- জলে জল ও ডেটলের পরিমাণের অনুপাত 5 : 1 হলে, জলের পরিমাণ কত?

(a) 6 লিটার (b) 30 লিটার

(c) 7.2 লিটার (d) 7 লিটার

17. $3ab$, $9a^2c$, $12a^2c^2$ এর ল.সা.গু. কত?

(a) $36\ a^2b^2c^2$ (b) $36\ abc$


(c) $36\ a^2bc^2$ (d) $9\ abc$

18. গ্রিল তৈরির কারখানায় 15 দিনে 3টি লোহার গ্রিল তৈরি হয়। 8টি একইরকম লোহার গ্রিল তৈরি করতে কতদিন সময় লাগবে?

(a) 40 দিন (b) 1.6 দিন

(c) 24 দিন (d) 120 দিন

19.




AB||CD হলে ∠PQR এর পরিমাপ কত?

(a) 110° (b) 70°

(c) 10° (d) 20°

20. কর্ড লাইনে হাওড়া থেকে বর্ধমানের দূরত্ব 85 কিমি, কিন্তু মেইন লাইনে সেই দূরত্ব 5% বেশি। মেইন লাইনে হাওড়া থেকে বর্ধমানের দূরত্ব কত?

(a) 102 কিমি (b) 42.5 কিমি

(c) 85 কিমি (d) 89.25 কিমি

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## পরিবেশ ও বিজ্ঞান

## অষ্টম শ্রেণি

১. নীচের বক্তব্যগুলি পড়ো।

- রক্তে গ্লুকোজের পরিমাণ বেড়ে যায়।
- মূত্রের সঙ্গে গ্লুকোজ দেহ থেকে বেরিয়ে যায়।
- কোশে প্রয়োজনীয় গ্লুকোজ ঢুকতে পারে না।
- বারে বারে খিদে পায়।

কোন হরমোনের কম ক্ষরণে উপরের লক্ষণগুলি দেখা যায়?

(ক) থাইরক্সিন

(খ) ইনসুলিন

(গ) অ্যাড্রিনালিন

(ঘ) ইস্ট্রোজেন

২. তোমার ঠোঁটের ভেতরের দিক বা গালের পাশের অংশ একটা পরিষ্কার টুথপিকের সাহায্যে তুলে নিয়ে একটা কাঁচের স্লাইডের মাঝখানে টুথপিকের মাথাটা ঘসে নেওয়া হলো। একফোঁটা মিথিলিন ব্লু স্লাইডের ওপর ফেলে কভার স্লিপ চাপা দেওয়া হলো।

এবার মাইক্রোস্কোপের নীচে স্লাইডটিকে দেখলে তুমি নীচের কোনটিকে কখনোই দেখতে পাবে **না**?

(ক) কোশপ্রাচীর

(খ) কোশপর্দা

(গ) সাইটোপ্লাজম

(ঘ) নিউক্লিয়াস

৩. সঠিক জোড়টি চিনে নাও —

(ক) ম্যালেরিয়া - ভাইরাসঘটিত রোগ

(খ) ডেঙ্গি - প্রোটোজোয়াঘটিত রোগ

(গ) প্লেগ - ব্যাকটেরিয়াঘটিত রোগ

(ঘ) যক্ষ্মা - ভাইরাসঘটিত রোগ

৪. সমুদ্রে অনেকসময় অ্যালগাল ব্লুম দেখা যায়। এর কারণটি খুঁজে বার করো।

(ক) সমুদ্রের জলে তেল মিশে যাওয়ার ফলে

(খ) সমুদ্রে প্লাস্টিকজাত জিনিস ফেলা হলে

(গ) সমুদ্রের জলের অম্লতা বেড়ে যাওয়ার ফলে

(ঘ) রাসায়নিক সারে থাকা পুষ্টি উপাদান সমুদ্রে মেশার ফলে

৫. নীচের কোনটি অজৈব সারের অত্যধিক আর অনিয়ন্ত্রিত ব্যবহারজনিত ক্ষতির সঙ্গে সম্পর্কিত **নয়**?

(ক) মাটিতে থাকা উপকারী জীবাণুদের সংখ্যা বাড়ায়

(খ) মাটির উর্বরাশক্তি বা উৎপাদন ক্ষমতা কমে যায়

(গ) মাটির অম্ল-ক্ষারের ভারসাম্য নষ্ট হয়

(ঘ) নাইট্রোজেন বা ফসফরাসের যৌগমিশ্রিত জল নদী বা পুকুরের জলে মিশে জলদূষণ ঘটায়

৬. নীচের বক্তব্য দুটি পড়ো এবং সঠিক বিকল্পটি বেছে নাও।

বক্তব্য ১ : ক্রোমোপ্লাস্টিডে ক্লোরোফিল নামক সবুজ রং-এর রঞ্জক পদার্থ থাকে।

বক্তব্য ২ : সবুজ উদ্ভিদে সালোকসংশ্লেষের জন্য ক্লোরোফিল অত্যন্ত গুরুত্বপূর্ণ।

(ক) বক্তব্য ১ সঠিক এবং বক্তব্য ২ ভুল

(খ) বক্তব্য ২ সঠিক এবং বক্তব্য ১ ভুল

(গ) বক্তব্য ১ ও বক্তব্য ২ সঠিক এবং বক্তব্য ২, বক্তব্য ১-এর সঠিক ব্যাখ্যা নয়

(ঘ) বক্তব্য ১ ও বক্তব্য ২ সঠিক এবং বক্তব্য ২, বক্তব্য ১-এর সঠিক ব্যাখ্যা

৭. নীচে কিছু কাজ দেওয়া আছে। এর মধ্যে যোগকলার কাজ কোনটি?

(ক) অঙ্গ-প্রত্যঙ্গের সঞ্চালন ঘটানো

(খ) দেহের বাইরে ও ভেতরের বিভিন্ন অঙ্গের মুক্ততলের ওপর প্রতিরক্ষামূলক আচ্ছাদন গঠন করা

(গ) দেহের বাইরের ও ভেতরের পরিবেশের মধ্যে সমন্বয়সাধন করা

(ঘ) বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যে সংযোগ রক্ষা করা

৮. অনেকসময় দুটো চাষের মাঝে ডাল, সয়াবিন জাতীয় উদ্ভিদের চাষ করলে মাটি আবার তার হারিয়ে যাওয়া নাইট্রোজেন যৌগ ফিরে পায়। এই পদ্ধতির সঙ্গে সম্পর্কিত অণুজীব কোনটি?

(ক) ল্যাকটোব্যাসিলাস

(খ) নাইট্রোসোমোনাস

(গ) রাইজোবিয়াম

(ঘ) নাইট্রোব্যাকটার

৯. রক্ত সঞ্চালনের মাধ্যমে যে রোগটি সংক্রামিত হয় সেটি হলো—


(ক) ডায়ারিয়া

(খ) হেপাটাইটিস

(গ) যক্ষ্মা

(ঘ) অ্যামিবিয়াসিস

১০.




'A' চিহ্নিত গ্রন্থি জোড়ার নাম কী?

(ক) অ্যাড্রিনাল

(খ) থাইরয়েড

(গ) অগ্ন্যাশয়

(ঘ) পিটুইটারি

১১. ঘরবাড়ি, পৌরসভা ও কলকারখানার বর্জ্যপদার্থ মিশে থাকা ময়লা জল কীভাবে ব্যবহার করলে পরিবেশের ক্ষতি হয় না, আবার আমাদের উপকারও হয়?


(ক) ময়লা জল কোনো নির্দিষ্ট জলাশয়ে জমিয়ে রাখলে

(খ) ময়লা জল সরাসরি কোনো নদীতে ফেললে


(গ) ময়লা জলে মাছ চাষ করলে

(ঘ) পানীয় জলের উৎসে ময়লা জল মিশ্রিত করলে

১২. নীচে দেওয়া চিত্রলেখ দুটি দেখো। A, B, C, D হলো চার প্রজাতির প্রাণী।




2000 সাল




2020 সাল

IUCN-এর 'রেড ডেটা লিস্ট' অনুযায়ী "A" প্রজাতির প্রাণীকে নীচের কোন ক্যাটিগোরিতে রাখা যায়?

(ক) বিলুপ্ত

(খ) সমীক্ষা করা হয় নি

(গ) বিপন্ন

(ঘ) উদ্বেগের কোনো প্রয়োজন নেই

১৩. বৈশিষ্ট্য ১ : এদের কোশে কোশপ্রাচীর, নিউক্লিয়াস ও অন্যান্য অঙ্গাণু থাকলেও ক্লোরোপ্লাস্ট থাকে না।

বৈশিষ্ট্য ২ : এদের কোশপ্রাচীর কাইটিন দ্বারা গঠিত।

ওপরের বৈশিষ্ট্য দুটি কোন ধরনের অণুজীবে দেখা যায়?

(ক) ব্যাকটেরিয়া

(খ) আদ্যপ্রাণী

(গ) ছত্রাক

(ঘ) শৈবাল

১৪. নীচের বিষয়গুলি পড়ো।

(i) চোরাশিকার

(ii) পরিবেশ দূষণ

(iii) বনসৃজন

(iv) বন্যপ্রাণীর দেহের নানা অংশ বাণিজ্যিক কাজে ব্যবহার

বন্যপ্রাণীদের বিপন্নতার জন্য উপরের চারটি কারণের মধ্যে কোনগুলি দায়ী?

(ক) (ii), (iii) ও (iv)

(খ) (i), (ii) ও (iv)

(গ) (i), (iii) ও (iv)

(ঘ) (i), (ii) ও (iii)

১৫. বক্তব্য ১ : এই কোশ অঙ্গাণুটি প্রাণীকোশে উপস্থিত, কিন্তু উদ্ভিদকোশে অনুপস্থিত।

বক্তব্য ২ : এই কোশ অঙ্গাণুটি প্রাণীকোশের বিভাজনে অংশগ্রহণ করে।

নীচের কোন কোশ অঙ্গাণুটির সঙ্গে উপরের বক্তব্য দুটি সম্পর্কিত?

(ক) প্লাস্টিড

(খ) লাইসোজোম

(গ) রাইবোজোম

(ঘ) সেন্ট্রোজোম

১৬. সমান ভরের দুটি বস্তুকণার মধ্যে দূরত্ব 6 m থেকে কমিয়ে 2 m করা হলো। এর ফলে বস্তুকণা দুটির মধ্যে মহাকর্ষ বল প্রাথমিকের যত গুণ হবে তা হলো —

(ক) 3 গুণ

(খ) 4 গুণ

(গ) 9 গুণ

(ঘ) 36 গুণ

১৭. দুটি রাবারের বেলুনকে উলের সোয়েটারে ঘষার পরে কাছাকাছি আনলে তারা পরস্পরকে —

(ক) আকর্ষণ করবে কারণ তাদের আধান সম প্রকৃতির

(খ) বিকর্ষণ করবে কারণ তাদের আধান সম প্রকৃতির

(গ) আকর্ষণ করবে কারণ তাদের আধান বিপরীত প্রকৃতির

(ঘ) বিকর্ষণ করবে কারণ তাদের আধান বিপরীত প্রকৃতির

১৮. একটি পাত্রের জলে একটা বড় কাঠের টুকরো স্থির হয়ে ভাসছে, কিন্তু একটা লোহার পেরেক দিতে তা জলে ডুবে গেল। এক্ষেত্রে নীচের যে বিবৃতি ঠিক তা হলো —

(ক) ভেসে-থাকা কাঠের টুকরোর ওজন ও তার ওপর ক্রিয়াশীল প্লবতার মান সমান

(খ) ভেসে-থাকা কাঠের টুকরোর ওজনের চেয়ে তার ওপর ক্রিয়াশীল প্লবতার মান বেশি

(গ) ডুবে-যাওয়া লোহার পেরেকের ওজন তার ওপর ক্রিয়াশীল প্লবতার মানের চেয়ে কম

(ঘ) লোহার পেরেক ডুবে গেছে কারণ তার ওপরে জল কোনো উর্ধ্বমুখী বল প্রয়োগ করেনি

১৯. কোনো পদার্থের আপেক্ষিক তাপ সম্বন্ধে নীচের কোন বিবৃতি ঠিক **নয়**?

(ক) উপাদানের প্রকৃতির ওপরে আপেক্ষিক তাপের মান নির্ভর করে

(খ) তাপের এককের সংজ্ঞা কীভাবে দেওয়া হচ্ছে তার ওপরে আপেক্ষিক তাপের মান নির্ভর করে

(গ) তাপের এককের সংজ্ঞা কীভাবে দেওয়া হচ্ছে তার ওপরে আপেক্ষিক তাপের মান নির্ভর করে না

(ঘ) আপেক্ষিক তাপের একক হলো ক্যালোরি/গ্রাম$^{\circ}$C

২০. নীচের কোন পদার্থটি খোলা হাওয়ায় উর্ধ্বপাতিত হয়?

(ক) চিনি

(খ) মোম

(গ) সোডিয়াম ক্লোরাইড

(ঘ) কঠিন কার্বন ডাইঅক্সাইড

২১. খোলা হাওয়ায় রাখা জলের উষ্ণতা একই সঙ্গে সেলসিয়াস ও ফারেনহাইট থার্মোমিটারে মাপা হলে দেখা যাবে যে —

(ক) সেলসিয়াস স্কেলের প্রাথমিক পাঠ > ফারেনহাইট স্কেলের প্রাথমিক পাঠ

(খ) সেলসিয়াস স্কেলের প্রাথমিক পাঠ < ফারেনহাইট স্কেলের প্রাথমিক পাঠ

(গ) সেলসিয়াস স্কেলের প্রাথমিক পাঠ = ফারেনহাইট স্কেলের প্রাথমিক পাঠ

(ঘ) সেলসিয়াস স্কেলের অন্তিম পাঠ > ফারেনহাইট স্কেলের অন্তিম পাঠ

২২. একটি সমতল আয়নার তলের সঙ্গে 35$^{\circ}$ কোণে আলোকরশ্মি আপতিত হলে প্রতিফলন কোণের মান হবে —

(ক) 35$^{\circ}$

(খ) 45$^{\circ}$

(গ) 55$^{\circ}$

(ঘ) 65$^{\circ}$

২৩. স্বাভাবিক চাপে চারটি ধাতুর গলনাঙ্ক হলো : লোহা 1530ºC, গ্যালিয়াম 29.8ºC, পারদ -39ºC, সোনা 1063ºC। এর মধ্যে যেটিকে ডিসেম্বর মাসের খুব ঠান্ডা দিনে কাপে আর প্লেটে রাখলে আলাদা আলাদা আকৃতির দেখাবে তা হলো —

(ক) লোহা

(খ) সোনা

(গ) পারদ

(ঘ) গ্যালিয়াম

২৪. লঘু অ্যাসিড থেকে হাইড্রোজেন গ্যাস মুক্ত করার ক্রমহ্রাসমান প্রবণতা অনুসারে চারটি ধাতুর ক্রম হলো Ca, Zn, Fe, (H), Cu। তাহলে নীচের কোন ক্ষেত্রে কম সক্রিয় ধাতুর অধঃক্ষেপ পড়বে?

(ক) কপার সালফেট দ্রবণে জিঙ্ক যোগ করলে

(খ) ক্যালসিয়াম ক্লোরাইড দ্রবণে লোহা যোগ করলে

(গ) ক্যালসিয়াম ক্লোরাইড দ্রবণে কপার যোগ করলে

(ঘ) জিঙ্ক সালফেট দ্রবণে লোহা যোগ করলে

২৫. কোনটা ডালটনের পরমাণুবাদের স্বীকার্য **নয়**?

(ক) একই মৌলের সব পরমাণু ভর ও ধর্মে অভিন্ন

(খ) ভিন্ন মৌলের পরমাণু ভর ও ধর্মে ভিন্ন

(গ) রাসায়নিক বিক্রিয়ার সময় বিভিন্ন মৌলের পরমাণু পূর্ণসংখ্যার সরলানুপাতে যুক্ত হয়

(ঘ) মৌলের একাধিক পরমাণু যুক্ত হয়ে মৌলের অণু গঠন করে

২৬. মারকিউরাস ক্লোরাইডের সংকেত হলো —

(ক) $HgCl$

(খ) $Hg_2Cl_2$

(গ) $HgCl_2$

(ঘ) $Hg_2Cl$

২৭. কঠিন অনুঘটক সম্বন্ধে কোন বিবৃতিটি ঠিক **নয়**?

(ক) অনুঘটক বিক্রিয়ায় অংশগ্রহণ করে

(খ) অনুঘটক বিক্রিয়ায় অংশগ্রহণ করে না

(গ) পরীক্ষার ভিত্তিতেই অনুঘটক নির্বাচন করতে হয়

(ঘ) অনুঘটক গুঁড়ো করে রাখায় বিক্রিয়ার বেগ বেড়ে যায়

২৮. গলিত সোডিয়াম ক্লোরাইডের তড়িৎ বিশ্লেষণ করার সময় —

(ক) ক্যাথোড ধনাত্মক ও এখানে বিজারণ ঘটে

(খ) ক্যাথোড ঋণাত্মক ও এখানে বিজারণ ঘটে

(গ) অ্যানোড ধনাত্মক ও এখানে বিজারণ ঘটে

(ঘ) অ্যানোড ঋণাত্মক ও এখানে বিজারণ ঘটে

২৫. কোনটি পরিবেশবান্ধব শক্তি উৎস নয়?

(ক) জোয়ারভাটা

(খ) বায়ুপ্রবাহ

(গ) কয়লা

(ঘ) সূর্য

৩০. বায়ুমণ্ডলে কোন গ্রিনহাউস গ্যাসটির পরিমাণ সর্বাধিক এবং ক্রমশ তা বৃদ্ধি পাচ্ছে?

(ক) কার্বন ডাইঅক্সাইড

(খ) মিথেন

(গ) নাইট্রাস অক্সাইড

(ঘ) ওজোন

# বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

## পরিবেশ ও ইতিহাস

## অষ্টম শ্রেণি

১. ভারতের সংবিধানে নাগরিকদের ছয়টি মৌলিক অধিকারের কথা বলা হয়েছে। নীচে দেওয়া কোন বিকল্পটি বর্তমানে মৌলিক অধিকারের তালিকাভুক্ত নয়?

(ক) সাম্যের অধিকার  (খ) শোষণের বিরুদ্ধে অধিকার

(গ) ধর্মীয় স্বাধীনতার অধিকার  (ঘ) সম্পত্তির অধিকার

২. ভারতের সংবিধানে ১১টি মৌলিক কর্তব্য অন্তর্ভুক্ত হয়েছে। নীচে দেওয়া কোন বিকল্পটি মৌলিক কর্তব্যের মধ্যে পড়ে না?

(ক) জাতীয় পতাকার প্রতি সম্মান দেখানো  (খ) জাতীয় সম্পত্তি রক্ষা করা

(গ) নারী ও শিশু সুরক্ষা  (ঘ) ঐক্য ও সৌভ্রাতৃত্ববোধ গড়ে তোলা

৩. ১৮৫৭ খ্রিষ্টাব্দের বিদ্রোহের পর ভারতীয় প্রশাসনিক ব্যবস্থায় বেশ কিছু পরিবর্তন ঘটে। নীচের কোন বিকল্পটি সঠিক নয়?

(ক) ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের সমাপ্তি ঘটেছিল।

(খ) ভারতকে স্বায়ত্ত শাসনের অধিকার দেওয়া হয়।

(গ) রানি ভিক্টোরিয়াকে ব্রিটিশ ভারতের সাম্রাজ্ঞী ঘোষণা ধরা হয়।

(ঘ) লর্ড ক্যানিং ভাইসরয় নিযুক্ত হন।

৪. 'ভারতমাতা' চিত্রটি একসময় ভারতের জাতীয়তাবাদী আন্দোলনের প্রতীকে পরিণত হয়েছিল। কোন আন্দোলনের প্রেক্ষাপটে এটি আঁকা হয়েছিল?

(ক) সাঁওতাল বিদ্রোহ  (খ) নীল বিদ্রোহ

(গ) স্বদেশী আন্দোলন  (ঘ) ভারতছাড়ো আন্দোলন

৫. মহারাষ্ট্রের সমাজ সংস্কার আন্দোলনে জ্যোতিরাও ফুলের অবদান ছিল গুরুত্বপূর্ণ। নীচুতলার মানুষদের অধিকার প্রতিষ্ঠার জন্য জ্যোতিরাও ফুলে গড়ে তোলেন ———

(ক) সত্যশোধক সমাজ  (খ) আর্য সমাজ

(গ) ব্রাহ্ম সমাজ  (ঘ) প্রার্থনা সমাজ

৬. সমাজ সংস্কারক হিসাবে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এবং বীরেশলিঙ্গম পান্তুলুর কর্মকাণ্ডের মধ্যে বিশেষ মিল পাওয়া যায়।

(ক) দুজনেই সংস্কৃত ভাষাচর্চার প্রসিদ্ধি ঘটিয়েছিলেন।

(খ) দুজনেই মুদ্রণ ব্যবস্থার বিকাশের সঙ্গে যুক্ত ছিলেন।

(গ) দুজনেই বিধবা বিবাহ আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন।

(ঘ) দুজনেই সতীদাহ প্রথার বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন।

৭. পরিবারের কোনো মহিলা যদি নিপীড়নের শিকার হন, তাহলে তিনি নীচে দেওয়া কোন আইন দ্বারা সুরক্ষা পেতে পারেন?

(ক) পারিবারিক হিংসারোধ আইন - ২০০৫  (খ) শিক্ষার অধিকার আইন - ২০০৯


(গ) তথ্য জানার অধিকার আইন - ২০০৫  (ঘ) তথ্য প্রযুক্তি আইন - ২০০০

৮. বিধানসভার সদস্যদের মেয়াদ সাধারণত ———

(ক) তিন বছর  (খ) পাঁচ বছর

(গ) ছয় বছর  (ঘ) দশ বছর

৯. মানচিত্রটি ঔপনিবেশিক ভারতে ভূমি-রাজস্ব বন্দোবস্তের অন্তর্ভুক্ত অঞ্চলগুলিকে দেখাচ্ছে। মানচিত্রে চিহ্নিত ▨ অঞ্চলে কোন ভূমি-রাজস্ব বন্দোবস্ত প্রবর্তিত হয়েছিল?



(ক) রায়তওয়ারি বন্দোবস্ত

(খ) মহলওয়ারি বন্দোবস্ত

(গ) চিরস্থায়ী বন্দোবস্ত


(ঘ) তালুকদারি বন্দোবস্ত

১০. পশ্চিমবঙ্গের গ্রামীণ স্বায়ত্বশাসন ব্যবস্থা পঞ্চায়েত ব্যবস্থা নামে পরিচিত। এই পঞ্চায়েত ব্যবস্থায় রয়েছে ———

(ক) দুটি স্তর (খ) তিনটি স্তর

(গ) চারটি স্তর (ঘ) পাঁচটি স্তর

১১. মানচিত্রটি ঔপনিবেশিক শাসনাধীন ভারতের। মানচিত্রে ▨ চিহ্নিত অঞ্চলগুলি নীচে দেওয়া বিকল্পগুলির মধ্যে কীসের নির্দেশক?



(ক) ব্রিটিশ - অধিকৃত অঞ্চল

(খ) মারাঠা - অধিকৃত অঞ্চল

(গ) দেশীয় রাজ্য সমূহ

(ঘ) পোর্তুগিজ অধিকৃত অঞ্চল

১২. মানচিত্রটি ১৮৫৭-র বিদ্রোহের প্রধান কেন্দ্রগুলিকে দেখাচ্ছে। এগুলির মধ্যে বাংলার অন্তর্গত কেন্দ্র কোনটি?




(ক) দিল্লি

(খ) মিরাট

(গ) বেরেলি

(ঘ) ব্যারাকপুর

১৩. ১৯৬৯ খ্রিষ্টাব্দের পর থেকে পশ্চিমবঙ্গে রাজ্য আইনসভায় কেবল বিধানসভা রয়েছে। বিধানসভার প্রায় সব সদস্য বা বিধায়কগণ ———

(ক) প্রাপ্ত বয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত হন

(খ) মুখ্যমন্ত্রী দ্বারা মনোনীত হন

(গ) রাজ্যপাল দ্বারা মনোনীত হন

(ঘ) বিশেষ অধিকার প্রাপ্তদের ভোটে নির্বাচিত হন

১৪. নীচে দেওয়া কোন কারণটি উপজাতি বিদ্রোহের সাথে সম্পর্কযুক্ত নয়?

(ক) ঔপনিবেশিক অরণ্য আইন (খ) জমিদার, মহাজনদের শোষণ

(গ) উপজাতি সম্প্রদায়ের আধুনিকীকরণ (ঘ) উপজাতি সম্প্রদায়ের সংস্কৃতিতে হস্তক্ষেপ

১৫. ১৮০০ খ্রিষ্টাব্দে কলকাতায় ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা করা হয়। এর প্রধান উদ্দেশ্য ছিল—

(ক) ভারতে পাশ্চাত্য শিক্ষার প্রসার ঘটানো (খ) সিভিল সার্ভেন্টদের প্রশিক্ষণ দেওয়া

(গ) প্রাচ্য-পাশ্চাত্য শিক্ষার মেলবন্ধন ঘটানো (ঘ) প্রথাগত শিক্ষার উন্নতি ঘটানো

---

## বহুবিকল্পভিত্তিক প্রশ্ন : পরিচিতি ও অনুশীলন

### পরিবেশ ও ভূগোল


### অষ্টম শ্রেণি

১. যে অক্ষাংশীয় বলয়ে ভারতের কোনো অংশ নেই সেটি হলো

ক) নিরক্ষীয় খ) ক্রান্তীয়

গ) উপক্রান্তীয় ঘ) মেরুদেশীয়

২.




উপরের রেখাচিত্রের চিহ্নিত অংশের ( ▨ ) অক্ষাংশগত বিস্তৃতি কত?

ক) ২৩ ১/২° উঃ — ৬৬ ১/২° উঃ খ) ২৩ ১/২° উঃ — ২৩ ১/২° দঃ

গ) ২৩ ১/২° দঃ — ৬৬ ১/২° দঃ ঘ) ৬৬ ১/২° দঃ — ৯০° দঃ

৩. তুমি যদি ত্রিপুরা থেকে সোজাসুজি পশ্চিমদিকে পশ্চিমবঙ্গ পর্যন্ত যেতে চাও, তাহলে তোমাকে যে প্রতিবেশী দেশের উপর দিয়ে যেতে হবে তা হলো

ক) মায়ানমার খ) নেপাল

গ) বাংলাদেশ ঘ) পাকিস্তান

৪. কোন প্রাকৃতিক ঘটনা পরিবেশের অবনমনের জন্য দায়ী **নয়**?

ক) জীববৈচিত্র্য হ্রাস খ) মৃত্তিকা ক্ষয়

গ) অতিরিক্ত বৃষ্টিপাত ঘ) ধস

৫.




উপরের রেখাচিত্রে ফাটলের মধ্যবর্তী ভূভাগ উত্থিত হয়ে কোন ভূমিরূপ সৃষ্টি করেছে?

ক) আগ্নেয় পর্বত খ) স্তূপ পর্বত


গ) লাভা মালভূমি ঘ) মহাদেশীয় মালভূমি

৬. ক্ষয়, বহন ও সঞ্চয়, এই তিনটি প্রক্রিয়াই কার্যকর হলে তবেই তৈরি হয়

ক) প্লাবনভূমি খ) বদ্বীপ

গ) অশ্বক্ষুরাকৃতি হ্রদ ঘ) ক্যানিয়ন

৭. ভারতের মানচিত্রটি ভালোভাবে পর্যবেক্ষণ করো। ভারতের কোন দুটি প্রতিবেশী দেশ সম্পূর্ণভাবে স্থলবেষ্টিত?




ক) পাকিস্তান ও নেপাল    খ) আফগানিস্তান ও পাকিস্তান

গ) নেপাল ও ভুটান    ঘ) ভুটান ও মায়ানমার

৮. কোন ফসলের জন্য আর্দ্র, পলিমাটিযুক্ত নীচু জমি আদর্শ?

ক) চা    খ) পাট

গ) গম    ঘ) বাজরা

৯. শহরতলিতে শাক-সব্জি চাষ করে শহরের চাহিদা অনুসারে ট্রাকে করে সেগুলো বাজারে পৌঁছে দেওয়ার পদ্ধতিকে কী বলে?

ক) স্থানান্তর কৃষি    খ) ট্রাক ফার্মিং

গ) ধাপ চাষ    ঘ) বাগিচা কৃষি

১০. কোনও স্থানে বড় শিল্পকেন্দ্র গড়ে ওঠার জন্য নীচের কোনটি আবশ্যিক **নয়**?

ক) বিদ্যুতের পর্যাপ্ত যোগান    খ) কাঁচামালের প্রাপ্যতা

গ) উন্নত পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা    ঘ) নদী তীরবর্তী অবস্থান

---

১১. ঠিক জোড়াটি নির্বাচন করো

ক) ইয়োকোহামা — মিশর		খ) ডেট্রয়েট — কানাডা

গ) রূঢ় — জার্মানি		ঘ) উইনিপেগ — আমেরিকা যুক্তরাষ্ট্র

১২. খনিজ সম্পদের ভাণ্ডার তেমন না থাকায় কোনও বড়ো শিল্প গড়ে ওঠেনি

ক) পম্পাসে		খ) উত্তর আমেরিকার হ্রদ অঞ্চলে

গ) ছোটোনাগপুর মালভূমিতে		ঘ) লন্ডন অববাহিকায়

১৩. এদের মধ্যে কোন অঞ্চলটিতে পৃথিবীর খনিজ তেলের ভাণ্ডারের ৬০ শতাংশ রয়েছে?

ক) উপদ্বীপীয় ভারতে		খ) দক্ষিণ-পশ্চিম এশিয়ায়

গ) দক্ষিণ-পূর্ব অস্ট্রেলিয়ায়		ঘ) দক্ষিণ আমেরিকার পূর্বাংশে

১৪. জিওগ্রাফিকাল পোজিশনিং সিস্টেমের সাহায্যে কোনটি নির্ণয় করা যায় **না**?

ক) উচ্চতা		খ) অক্ষাংশ

গ) উষ্ণতা		ঘ) দ্রাঘিমা

১৫. ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশের গুণগত মানকে বজায় রেখে যে উন্নয়ন করা হয় তা হলো

ক) পর্যাপ্ত উন্নয়ন		খ) পরিবেশ সংরক্ষণ

গ) স্থিতিশীল উন্নয়ন		ঘ) অর্থনৈতিক উন্নয়ন